# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL

203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


## 'মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫'

**১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

১.১ এই নীতিমালা **'মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫'** নামে অভিহিত হইবে।

১.২ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) কর্তৃক প্রণীত এই নীতিমালা বাংলাদেশের সকল সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস/ বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি ও বিদেশে সমতুল্য কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদের অনুমতির ক্ষেত্রে কার্যকর হইবে।

**২.০ প্রার্থীর যোগ্যতা:**

২.১ আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে। কেবলমাত্র সরকার কর্তৃক বিদেশিদের জন্য সংরক্ষিত সরকারি আসনে এবং বিদেশিদের জন্য বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ নির্ধারিত কোটায় বিদেশি প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন;

২.২ দেশি প্রার্থীকে বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমান দুইটি পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। দুইটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯.০০ পয়েন্ট হইতে হইবে;

২.৩ দেশি প্রার্থীকে এসএসসি অথবা 'ও' লেভেল অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হইতে হইবে এবং এইচএসসি অথবা 'এ' লেভেল অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই পদার্থ বিজ্ঞান (Physics), রসায়ন (Chemistry) ও জীববিজ্ঞান (Biology) পাঠ্য থাকিতে হইবে এবং জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৪.০ পয়েন্ট থাকিতে হইবে;

২.৪ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বিদেশি প্রার্থী ভর্তির ক্ষেত্রে এসএসসি এবং এইচএসসি/'এ'লেভেল বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে সর্বনিম্ন মোট জিপিএ ৯.০০ (নয়) এবং জীববিজ্ঞানে (Biology) জিপিএ ৪.০০ পয়েন্ট থাকিতে হইবে। বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট- এ ভর্তির জন্য বিদেশি প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি বা যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/'ও'লেভেল এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় সর্বনিম্ন মোট জিপিএ ৭.০০ (সাত) এবং জীববিজ্ঞানে (Biology) জিপিএ ৩.৫০ পয়েন্ট থাকিতে হইবে;

২.৫ পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষা দুইটিতে মোট জিপিএ কমপক্ষে ৮.০০ পয়েন্ট হইতে হইবে; তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.৫০ পয়েন্ট এর কম থাকিলে আবেদনের জন্যে অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। এক্ষেত্রে জীববিজ্ঞানে জিপিএ ৩.৫০ পয়েন্ট থাকিতে হইবে।

২.৬ আবেদনকারী যে শিক্ষাবর্ষের জন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে তাহাকে সর্বশেষ সেই শিক্ষাবর্ষে বা তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। আবেদনকারীকে সর্বশেষ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এইচএসসি/সমমান পরীক্ষার পূর্ববর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

**উদাহরণ:**

২০২৪-২৫ শিক্ষাবর্ষে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীকে ২০২৩ সাল অথবা ২০২৪ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। ২০২১ সালের পূর্বে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

২.৭ ‘ও’লেভেল/‘এ’লেভেল অথবা বিদেশি শিক্ষা ব্যবস্থায় সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাহাদের নম্বরপত্রসমূহ সমতাকরণ করিতে হইবে।

৩.০ **ভর্তির জন্য প্রার্থী নির্বাচন প্রক্রিয়া:**

৩.১ এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ নম্বর হিসাবে নির্ধারণ করা হইবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং **জাতীয় ভর্তি পরীক্ষায়** প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করিয়া শিক্ষার্থী নির্বাচন করা হইবে। সদ্য এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুণ এর সহিত এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুণ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হইবে। তবে পূর্ববর্তী বৎসরের এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর হইতে ৩ (তিন) নম্বর এবং পূর্ববর্তী বৎসরের সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিকৃত প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর হইতে ০৬ (ছয়) নম্বর কর্তন করিয়া মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হইবে;

**উদাহরণ:**

সদ্য উত্তীর্ণ প্রার্থী:

- এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২৪ সাল এবং এসএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২২ সাল।

পূর্ববর্তী শিক্ষাবর্ষে উত্তীর্ণ প্রার্থী:

- এসএসসি/সমমান পরীক্ষা ও এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের পার্থক্য ৩ বছর (এসএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২১ সাল ও এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২৪ সাল)।
- এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২৩ সাল এবং এসএসসি/সমমান পরীক্ষায় পাশ ২০২১ সাল।

৩.২ দেশের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য একই সঙ্গে একই প্রশ্নপত্রে এমবিবিএস কোর্সে **জাতীয় ভর্তি পরীক্ষা** অনুষ্ঠিত হইবে। মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ার ০১ (এক) মাস পর সরকারি ও বেসরকারি সকল ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য একই সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে বিডিএস কোর্সে **জাতীয় ভর্তি পরীক্ষা** অনুষ্ঠিত হইবে। ইংরেজি মাধ্যমে উত্তীর্ণ এবং ইংরেজি মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে আগ্রহী প্রার্থীদের জন্য ইংরেজিতে প্রশ্নপত্র প্রণয়ন করিতে হইবে;

৩.৩ লিখিত ভর্তি পরীক্ষায় ১০০ টি প্রশ্নের (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) প্রতিটি ১ নম্বর করিয়া মোট ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন যথাক্রমে, জীববিজ্ঞান-৩০, রসায়ন-২৫, পদার্থবিজ্ঞান-২০, ইংরেজি-১৫ ও সাধারণ জ্ঞান -১০ হইবে। **পরীক্ষার সময়কাল ১ (এক) ঘণ্টা হইবে;**

৩.৪ লিখিত ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে;

৩.৫ ভর্তি পরীক্ষায় ৪০ নম্বর এর কম প্রাপ্তরা দেশে ভর্তি ও বিদেশে এমবিবিএস/বিডিএস/সমতুল্য কোর্সে ভর্তির অনুমতির জন্য ‘অকৃতকার্য’ বিবেচিত হইবে;

৩.৬ প্রবেশপত্রে আবেদনকারীর ছবির জলছাপ সন্নিবেশ করিতে হইবে। পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে বলপয়েন্ট ব্যতীত অন্য কোনো কলম, পেন্সিল, ঘড়ি অথবা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনিতে পারিবেন না;

৩.৭ এমবিবিএস ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা/কর্মচারী (ইনভেজিলেটর, শিক্ষক, পরিদর্শন টিমের সদস্য, প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক ইত্যাদি) পরীক্ষার হলে মোবাইল ফোনসহ অন্য কোনো

203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করিতে পারিবেন না। তবে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত কেন্দ্র/ভেন্যু প্রধান কেবলমাত্র জরুরী প্রয়োজনে অফিস কক্ষে/ভর্তি পরীক্ষার কন্ট্রোল রুমে মোবাইল ফোন ব্যবহার করিতে পারিবেন। কোনো অবস্থাতেই কেউ পরীক্ষার হলে মোবাইল ফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করিতে পারিবেন না;

৩.৮ ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহের যে সংখ্যক আসন অনুমোদিত থাকিবে সেই সংখ্যক আসনে প্রার্থীদের মেধা ও পছন্দক্রম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হইবে;

৩.৯ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের অব্যবহিত পরের দিন বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর জন্য সম্পূরক ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে;

৩.১০ শুধুমাত্র সরকার কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট-এ ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হইবে।

৪.০ **<u>মেধা তালিকা, প্রার্থী নির্বাচন ও আবেদন গ্রহণ:</u>**

৪.১ অনুচ্ছেদ ৩.১ অনুযায়ী শুধুমাত্র লিখিত ভর্তি পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্য থেকে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর পাশাপাশি সরকার অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হইবে। তবে ভর্তি পরীক্ষায় ৪০ নম্বর এর নীচে প্রাপ্ত প্রার্থীরা কোনোভাবেই ভর্তির যোগ্য বিবেচিত হইবে না;

৪.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধো, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তানদের জন্য এবং উপজাতি ও পার্বত্য অঞ্চলের অ-উপজাতীয়দের জন্য অনুচ্ছেদ ৯ এর ৯.১.১ ও ৯.২.১ বর্ণিত কোটা অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করা হইবে;

৪.৩. অনলাইনে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন দাখিলের সময় প্রার্থীকে সকল সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর প্রযোজ্য ক্ষেত্র অনুযায়ী পছন্দক্রম বাধ্যতামূলকভাবে উল্লেখ করিতে হইবে;

৪.৪ ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হইতে ৪৫ কর্মদিবসের মধ্যে সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ভর্তি প্রক্রিয়া (৩য় অপেক্ষমাণ তালিকাসহ) সম্পন্ন করিতে হইবে। তাহার পর বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ভর্তি কার্যক্রমের একটি সিডিউল প্রস্তুত করিয়া তাহা একাধিক জাতীয় দৈনিকে এবং স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের ব্যবস্থা করিবে;

৪.৫ অনুচ্ছেদ ৪.১ এ বর্ণিত নিয়ম অনুযায়ী প্রস্তুতকৃত জাতীয় মেধা তালিকার কৃতকার্য শিক্ষার্থীদের মধ্য হইতে বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিচ্ছুদের আবেদন পুনরায় অনলাইনে গ্রহণ করা হইবে। পুনরায় অনলাইনে আবেদন দাখিলের সময় সরকার স্বীকৃত তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর পছন্দক্রম অবশ্যই উল্লেখ করিতে হইবে।

৪.৬. **<u>বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থী নির্বাচন:</u>**

৪.৬.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য অনলাইনে পুনরায় আবেদন দাখিলের নির্ধারিত সময়ের পর দ্রুততম সময়ের মধ্যে প্রার্থীর মেধা ও পছন্দক্রম অনুযায়ী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগপ্রাপ্ত হইয়াছেন তাহা প্রার্থীকে এসএমএস এর মাধ্যমে জানাইয়া দেওয়া হইবে এবং নির্বাচিত প্রার্থীদের শিক্ষা

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

প্রতিষ্ঠানভিত্তিক তালিকা প্রকাশ করা হইবে। নির্দিষ্ট সময়ের মধ্যে (সর্বোচ্চ ৫ দিন) নির্বাচিত প্রার্থীকে নিশ্চিত করিতে হইবে যে তিনি যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত হইয়াছেন, সে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে সম্মত আছেন। প্রথমবার সম্মতি নিশ্চিতকরণের পরে শূন্য থাকা আসনসমূহে অপেক্ষমাণদের মধ্য হইতে আবেদনের সময়ে দেওয়া মেধা ও পছন্দক্রম অনুযায়ী ২য় বারের মতো শিক্ষার্থী নির্বাচন করিয়া তালিকা প্রকাশ করা হইবে এবং পুনরায় এসএমএস এর মাধ্যমে জানানো হইবে। ২য় বারে নির্বাচিত প্রার্থীকে নির্দিষ্ট সময়ের মধ্যে (সর্বোচ্চ ৫ দিন) নিশ্চিত করিতে হইবে যে তিনি যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত হইয়াছেন, সে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে সম্মত আছেন। ভর্তি হইতে সম্মত প্রার্থীদের (১ম ও ২য় বারে) মধ্য হইতে শিক্ষা প্রতিষ্ঠানওয়ারী নির্বাচিত প্রার্থীদের সংযুক্ত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হইবে। ১ম ও ২য় বারে নির্বাচিত প্রার্থীদের ভর্তির শেষ তারিখ ওয়েবসাইটে জানাইয়া দেওয়া হইবে;

৪.৬.২. নির্বাচিত প্রার্থীগণ ভর্তির যোগ্য বিবেচিত হইলে অনলাইন হইতে ইউনিক আইডি সংগ্রহ করিবেন এবং সরকার নির্ধারিত ভর্তি ফি প্রদান করিয়া সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইবেন। এইক্ষেত্রে ভর্তির সময় প্রাথমিকভাবে ০১(এক) লক্ষ টাকা প্রদান করিবেন। সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অবশিষ্ট অর্থ ঐচ্ছিক মাইগ্রেশন পরবর্তী সময়ে প্রদান করিবেন। ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়ায় কোনো প্রার্থী অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে আসন বরাদ্দ প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রার্থী কর্তৃক দাখিলকৃত মূল সনদপত্রের সহিত উল্লিখিত ০১ (এক) লক্ষ টাকা মাইগ্রেশনকৃত শিক্ষা প্রতিষ্ঠানে চেকের মাধ্যমে স্থানান্তর করিবেন;

৪.৬.৩ নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হইবার সাথে সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে তাহা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করিতে হইবে;

৪.৬.৪ নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা অতিক্রান্ত হইবার পর যদি কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ আসন শূন্য থাকে সেই সকল শূন্য আসন পূরণের লক্ষ্যে একই প্রক্রিয়ায় অপেক্ষমাণ তালিকা হইতে (যদি থাকে) ৩য় বার পর্যন্ত শিক্ষার্থী নির্বাচন করা যাইবে। কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ক্লাস শুরুর তারিখের পরে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না;

৪.৬.৫ কোনো শিক্ষার্থী ভর্তি বাতিল করিলে তাহার অনুমোদন সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় সম্পন্ন করিতে হইবে। এইক্ষেত্রে আর্থিক বিষয়াদির দায় দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করিবে না;

৪.৭ কোনো শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর আসন সংখ্যা সরকার কর্তৃক যেরূপ অনুমোদিত থাকিবে উক্ত শিক্ষাবর্ষে কেবল সমসংখ্যক আসনেই শিক্ষার্থী ভর্তি করা যাইবে। ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যা বৃদ্ধি হইলে অথবা নতুন মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট অনুমোদিত হইলে বর্ধিত আসনে অথবা নতুন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ঐ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

**৫.০ সার্টিফিকেটসমূহ নিরীক্ষণ:**

৫.১ ভর্তির পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রত্যেক শিক্ষার্থীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই করিবেন। বিদেশি শিক্ষার্থীদের সনদ ও নম্বরপত্র ১০.৩ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে যাচাই করা হইবে। ভবিষ্যতে কোনো বিদেশি শিক্ষার্থীর সনদ/নম্বরপত্রের বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে পররাষ্ট্র মন্ত্রণালয় উপযুক্ত প্রক্রিয়ায় তাহা অনুসন্ধান করিবে;

৫.২ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সনদ/নম্বরপত্র ইত্যাদি যাচাই প্রতিবেদন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করিবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

৬.০ **মাইগ্রেশন বা কলেজ বদলি:**

৬.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শুন্য আসনসমূহের বিপরীতে ইতঃপূর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন আবেদন, মেধাস্থান ও মাইগ্রেশন আবেদনে উল্লিখিত পছন্দ অনুযায়ী সফটওয়্যারের মাধ্যমে পরপর সর্বোচ্চ তিনবার শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের (অটোমাইগ্রেশন) সুযোগ দেওয়া যাইবে। প্রত্যেক মাইগ্রেশন শেষে প্রাপ্ত শুন্য আসনসমূহ যে কোটা হইতে আসন খালি হইয়াছে সে কোটার অপেক্ষমাণ তালিকা হইতে মেধা ও পছন্দক্রম অনুসারে পূরণ করা হইবে;

৬.২ তৃতীয় দফা মাইগ্রেশনের পর ভর্তি বাতিল/ভর্তি না হওয়া ইত্যাদি কারণে শুন্য আসনে অপেক্ষমাণ তালিকা হইতে ভর্তি করা যাইবে না;

৬.৩ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীগণ সর্বোচ্চ ০৩ বার অনলাইনে আবেদনের প্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষার্থীর মেধাক্রম, পছন্দক্রম এবং চাহিত মেডিকেল কলেজে আসন শুন্য থাকা সাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন বা ঐচ্ছিক মাইগ্রেশনের সুযোগ প্রদান করা যাইবে। প্রতি ক্ষেত্রেই ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্ন হবার পর পরবর্তী অপেক্ষেমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি করা যাইবে;

৬.৪ সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ শিক্ষার্থীদের মাইগ্রেশন বা শিক্ষা প্রতিষ্ঠান বদলির ক্ষেত্রে ভর্তি কমিটির সুপারিশ গ্রহণ করিতে হইবে;

৬.৫ অটোমাইগ্রেশন ও ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্নপূর্বক চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্ণশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত এক সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হইতে অন্য মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বদলি হওয়া বা করা যাইবে না।

৭.০ **কারিকুলাম ও ইন্টার্ণশীপ:**

৭.১ এমবিবিএস/বিডিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্ণশীপ সম্পন্ন করা বিএমএন্ডডিসি'র পূর্ণ রেজিস্ট্রেশন প্রার্থী সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্ণশীপের জন্য মাইগ্রেশন করা যাইবে না;

৭.২ বিদেশ হইতে এমবিবিএস/বিডিএস/সমমানের কোর্স সমাপনান্তে ডিগ্রীপ্রাপ্ত সকলকে বিএমএন্ডডিসি'র Registration Qualification Exam-এ উত্তীর্ণ হইয়া সাময়িক রেজিস্ট্রেশন প্রাপ্তির পর প্রার্থীদের পূর্ণ রেজিস্ট্রেশনের জন্য বিএমএন্ডডিসি অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হাসপাতালে ইন্টার্ণশীপ সম্পন্ন করিতে হইবে।

৮.০ **দেশের বাহিরে এমবিবিএস/বিডিএস/সমমানের কোর্সে অধ্যয়ন:**

৮.১ কোনো শিক্ষার্থী দেশের বাহিরে এমবিবিএস/বিডিএস/সমমানের কোর্সে অধ্যয়ন করিতে চাহিলে তাহাকে বাধ্যতামূলকভাবে এমবিবিএস/বিডিএস এর জন্য নির্ধারিত **জাতীয় ভর্তি পরীক্ষা**য় অংশগ্রহণ করিতে হইবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণপূর্বক তাহাতে সর্বনিম্ন ৪০ নম্বর প্রাপ্ত হইলে বাংলাদেশ মেডিককেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) এর 'Eligibility Certificate' প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন দাখিল করিতে হইবে। বিএমএন্ডডিসি প্রার্থীদের 'Eligibility Certificate' এর আবেদন বিবেচনার লক্ষ্যে যথাযথভাবে সংরক্ষিত ভর্তি পরীক্ষার ফলাফল থেকে প্রার্থীর ভর্তি যোগ্যতা যাচাই করিবে। 'Eligibility Certificate' প্রাপ্তি সাপেক্ষে শিক্ষার্থী বিদেশে অধ্যয়নের জন্য গমন করিতে পারিবেন। উক্ত 'Eligibility Certificate' এর মেয়াদ ইস্যুর

তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকিবে। অতঃপর দেশের বাহির হইতে এমবিবিএস/বিডিএস অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হইয়া দেশে প্রত্যাবর্তনের পর বিএমএন্ডডিসি কর্তৃক আয়োজিত 'Registration Qualifying Exam' এ অংশগ্রহণ করিতে হইবে। উক্ত 'Registration Qualifying Exam' এ উত্তীর্ণ হইয়া বিএমএন্ডডিসির সাময়িক সনদপ্রাপ্তি সাপেক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট হাসপাতালে ইন্টার্ণশীপ করার সুযোগ পাওয়া যাইবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এ বিষয়ে বিএমএন্ডডিসি'র সাথে আলোচনা-পর্যালোচনাপূর্বক একটি Guideline প্রণয়ন করিবে।

৯.০ **সংরক্ষিত আসন ও এ আসনের জন্য প্রযোজ্য সনদপত্র:**

৯.১ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য সংরক্ষিত আসন:

৯.১.১ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ স্মারক অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য মোট আসনের ৫% আসন সংরক্ষিত থাকিবে। তবে এই কোটার আসন শূন্য থাকিলে সাধারণ মেধা তালিকা হইতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে এই কোটার আসন পূরণ করা যাইবে;

৯.১.২ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেট নম্বর অনলাইন আবেদনে উল্লেখ করিতে হইবে। এই কোটায় উত্তীর্ণ প্রার্থীগণ ভর্তির সময় স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট সেই তালিকা/গেজেট প্রদর্শন করিবেন। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এর http://mis.molwa.gov.bd/freedom-fighter-list লিংক এ বর্ণিত প্রমাণক/গেজেট যাচাইপূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইবেন;

৯.১.৩ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ স্মারক অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য সংরক্ষিত ৫% আসন স্ব-স্ব কলেজ/ইউনিট এর জন্য অনুমোদিত আসনের মধ্যে সীমিত থাকিবে।

৯.২ **পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত আসন:**

৯.২.১ পশ্চাৎপদ জনগোষ্ঠী অর্থাৎ উপজাতীয় এবং তিনটি পার্বত্য জেলার অ-উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য (৯+৩)=১২ (বার) টি, এবং পার্বত্য জেলা ছাড়া অন্যান্য জেলার পশ্চাৎপদ জনগোষ্ঠী (উপজাতীয় প্রার্থীদের জন্য ০৮ (আট) টিসহ সর্বমোট ২০ (বিশ) টি আসন সরকারি মেডিকেল কলেজে সংরক্ষিত থাকিবে। পার্বত্য জেলার ১২ টি আসনের মধ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার প্রতিটি হইতে পশ্চাৎপদ জনগোষ্ঠী (উপজাতীয়) ০৩ (তিন) টি এবং অ-উপজাতীয় প্রার্থীদের জন্য ০১ (এক) টি করিয়া আসন সংরক্ষিত থাকিবে। সরকারি ডেন্টাল কলেজের জন্য ০৫ টি আসন উপজাতীয়দের জন্য সংরক্ষিত থাকিবে। এই আসনের মধ্যে পার্বত্য ০৩ টি জেলার জন্য ০৩টি এবং পার্বত্য জেলার বাহিরে অন্যান্য উপজাতীয়দের জন্য ০২টি আসন সংরক্ষিত থাকিবে। এতদ্ব্যতিত রাঙ্গামাটি মেডিকেল কলেজের ৫০ (পঞ্চাশ) আসনের মধ্যে ২৫% অর্থাৎ ১৩টি আসন নিম্নোক্তভাবে বন্টন হইবে: (১) রাঙ্গামাটি পার্বত্য জেলা: ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা ও তনচৈংগা -০২ জন, ত্রিপুরা, মারমা, খেয়াং, লুসাই, পাংখোয়া-০১ জন) (২) খাগড়াছড়ি পার্বত্য জেলা: ০৪ জন (বাঙালি-০১ জন, চাকমা-০১ জন, মারমা-০১ জন, ত্রিপুরা-০১ জন)। (৩) বান্দরবান পার্বত্য জেলা: ০৫ জন (বাঙালি -০১ জন, মারমা-০১ জন, চাকমা ও তনচৈংগা-০১ জন, ম্রো (মুরং), ত্রিপুরা-০১ জন, বোম, লুসাই, পাংখোয়া, খুমী, খিয়াং, চাক-০১ জন)। সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে বর্ণিত জেলা হইতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে উক্ত আসন পূরণ করা যাইবে।

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

৯.২.২ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসকের সনদ এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও জেলা প্রশাসকের সনদ দাখিল করিতে হইবে;

৯.৩ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান ও পশ্চাৎপদ জনগোষ্ঠির কোটার আসনে নির্বাচিত প্রার্থীদের তালিকা কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক অনুমোদনক্রমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

৯.৪ **মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তি:**

৯.৪.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে ৫% আসন মেধাবী-অসচ্ছল প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকিবে এবং উক্ত সংরক্ষিত আসনসমূহে ৪.৬ অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে ভর্তি সম্পন্ন হইবে। কোনো বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট কর্তৃপক্ষ এই আসনের শিক্ষার্থীদের জন্য সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর ক্ষেত্রে প্রযোজ্য বেতন ভাতাদি ও সেশন চার্জের অতিরিক্ত কোনো প্রকার ফি গ্রহণ করিতে পারিবে না;

৯.৪.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তি প্রক্রিয়া শুরুর সময় একই সাথে মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইনে পুনরায় আবেদন গ্রহণ করা হইবে। জাতীয় মেধা তালিকার প্রার্থীদের মধ্যে যাহারা বেসরকারি মেডিকেল কলেজে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হইতে আগ্রহী, তাহারা অনলাইনে আবেদন দাখিলের সময় সরকার স্বীকৃত সকল বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে নিজের পছন্দ ক্রমানুসারে আবেদনে উল্লেখ করিবেন। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রণীত 'মেধাবী-অসচ্ছল কোটায় শিক্ষার্থী নির্বাচন গাইডলাইন' অনুযায়ী 'অসচ্ছল' প্রমাণের নির্ধারিত শর্তসমূহ ওয়েবসাইটে উল্লেখ করা থাকিবে এবং তদনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে। মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অসচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে আবেদনপত্র বাতিল হইবে এবং ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য হইবে। মেধাবী-অসচ্ছল কোটায় আবেদনকারীদের মধ্য হইতে মেধা ও পছন্দের ভিত্তিতে মেধাবী-অসচ্ছল কোটার মোট আসনের ৪ (চার) গুণ শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক তালিকা কেন্দ্রীয়ভাবে প্রকাশ করা হইবে। নিজ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা হইতে প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর গভর্নিং বডির সভায় সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে মেধাবী-অসচ্ছল কোটায় ৫% শিক্ষার্থী নির্বাচিত করিয়া সুপারিশ আকারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে। তবে মেধাবী-অসচ্ছল আসন পূর্ণ না হইলে ৩য় ধাপ পর্যন্ত এইরূপ আসন পূর্ণ করার ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০.০ **বিদেশি প্রার্থীদের আবেদন পদ্ধতি:**

১০.১ দেশি-বিদেশি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম একই সাথে শুরুর সুবিধার্থে বিদেশি প্রার্থীদের জন্য নির্ধারিত ভর্তি বিজ্ঞপ্তি দেশীয়দের পূর্বেই জারি হইতে হইবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হইতে প্রেরিত বিদেশি প্রার্থীর ভর্তির বিজ্ঞপ্তি পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশ করিবে এবং সংশ্লিষ্ট দূতাবাসসমূহের মাধ্যমে প্রচারের বিষয়টি নিশ্চিত করিবে;

১০.২ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ অনুচ্ছেদ ১৩.০ তে উল্লিখিত সার্ক/নন-সার্ক কোটায় বিদেশি শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত আসন অনুযায়ী সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বা দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ অনুচ্ছেদ ২.৪ এ উল্লিখিত সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ বিদেশি শিক্ষার্থী ভর্তির যোগ্যতা ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তির শর্তানুযায়ী শিক্ষার্থী নির্বাচন করিবে। সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বা দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রার্থীর মেধা ও পছন্দক্রম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক প্রস্তুতকৃত তালিকা ও কাগজপত্রাদি বাংলাদেশি দূতাবাসের মাধ্যমে অথবা বাংলাদেশে অবস্থিত সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশি প্রার্থীদের উক্ত তালিকা ও

203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


কাগজপত্রাদি নির্ধারিত সময়ে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করিবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করিবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রার্থীদের তালিকা ও কাগজপত্রাদি যাচাই-বাছাই করিয়া স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে সার্ক/নন-সার্ক দেশসমূহের জন্য বরাদ্দকৃত আসন কোটা অনুযায়ী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী বণ্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিদেশি প্রার্থীদের কাগজপত্র পুনরায় যাচাইপূর্বক ভর্তি সম্পন্ন করিয়া তাহাদের তথ্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্টুডেন্ট পোর্টালে আপলোড করিবে;

১০.৩. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য বিদেশি প্রার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক ভর্তির বিজ্ঞপ্তি জারির পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত অনলাইন প্লাটফর্মে আবেদন করিবে। অনলাইন আবেদনের নির্ধারিত টেমপ্লেটে নিজ নিজ দেশের শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি/যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/'ও'লেভেল ও এইচএসসি/'এ'লেভেল বা সমমানের সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপি এবং সরকার কর্তৃক নির্ধারিত বিদেশি প্রার্থীদের নম্বর সমতাকরণ 'ফি পরিশোধিত এর প্রমানক' হিসেবে Telegraphic Transfer (T.T)/SWIFT Message এর কপি আপলোড করিতে হইবে;

১০.৪. বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করিয়া শিক্ষাগত যোগ্যতা সমতাকরণের ফলাফল ওয়েব সাইটে প্রকাশ করা হইবে। ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা ও সংশ্লিষ্ট কাগজপত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিবে এবং একটি তালিকা সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করিবে। সংশ্লিষ্ট প্রার্থীদের প্রত্যায়িত ও আপলোডকৃত একাডেমিক কাগজপত্রের মূলকপি, আর্থিক সচ্ছলতা ও নাগরিকত্বের প্রমাণপত্র এবং ভিসা ইস্যুর জন্য প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্টস যাচাই করিয়া সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন অথবা ঐ দেশের জন্য নির্ধারিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন ভিসা ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

১০.৫ অনলাইনে আবেদন দাখিল ব্যতীত কোনো বিদেশি শিক্ষার্থী বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তির যোগ্য বিবেচিত হইবে না। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন দাখিল ব্যতীত অন্য কোনো প্রক্রিয়ায় ভর্তির জন্য যোগাযোগ করা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে;

১০.৬ বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন, শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় নিশ্চিত করিবার লক্ষ্যে বিদেশি নাগরিকত্ব নিয়ে বিদেশে বসবাসকারী অনিবাসী বাংলাদেশি প্রার্থী যাহারা এসএসসি/যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/'ও'লেভেল এবং এইচএসসি/'এ'লেভেল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এ ভর্তিতে তাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ ১০.২ প্রযোজ্য হইবে। তবে যাহাদের দ্বৈত নাগরিকত্ব রহিয়াছে তাহারা বাংলাদেশি পাসপোর্ট ব্যবহার করিয়া **জাতীয় ভর্তি পরীক্ষা**য় অংশগ্রহণ করিতে পারিবেন;

১০.৭ সার্কভুক্ত কোনো দেশের সংরক্ষিত কোটার শুন্য আসনে অন্য কোনো দেশের শিক্ষার্থী ভর্তি করা যাইবে না।

১১.০ **<u>দেশি-বিদেশি প্রার্থীদের নম্বর সমতাকরণ:</u>**

১১.১ দেশি-বিদেশি প্রার্থীদের নম্বর সমতাকরণের ক্ষেত্রে নম্বরপত্রসমূহ বিবেচিত হইবে। এসএসসি/যে দেশে এসএসসি পর্যায়ে পাবলিক পরীক্ষা নাই সে দেশের ক্ষেত্রে দশম শ্রেণি/'ও'লেভেল/সমমান পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যে কোনো ৫ টি বিষয় বিবেচনায় নেওয়া হইবে। এইচএসসি/'এ'লেভেল/সমমান পরীক্ষার ক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন, এবং পদার্থবিজ্ঞানে প্রাপ্ত নম্বরসমূহ বিবেচনা করা হইবে;

১১.২ দেশি প্রার্থীদের মধ্যে যাহারা 'ও' লেভেল ও 'এ' লেভেল উত্তীর্ণ হইয়া **জাতীয় ভর্তি পরীক্ষা**য় অংশগ্রহণে ইচ্ছুক তাহাদের নম্বরপত্র/সনদ ইস্যুকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে;

# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


১১.৩ বিদেশি প্রার্থীদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে প্রথমতঃ গ্রেড পয়েন্ট বিবেচিত হইবে। একাধিক প্রার্থীর গ্রেড পয়েন্ট এক হইলে, সেক্ষেত্রে জীব বিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞানে প্রাপ্ত গ্রেড/নম্বর ক্রমানুসারে বিবেচিত হইবে। উভয় ক্ষেত্রে প্রার্থীর নম্বর একই হইলে প্রার্থীদের বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নম্বর সমতাকরণের মাধ্যমে মেধাক্রম নির্ধারণ করা হইবে;

১১.৪ নম্বর সমতাকরণ কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত একটি কমিটি থাকিবে এবং নম্বর সমতাকরণের ক্ষেত্রে উক্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১২.০ **ভর্তি এবং টিউশন ফি:**

১২.১ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে দেশি/বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ফি প্রযোজ্য হইবে। কোনো অবস্থাতেই সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাইবে না। ভর্তির বিজ্ঞপ্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফি এর পরিমান উল্লেখ করিতে হইবে। কোনো শিক্ষার্থী নিজ সেশনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ব্যক্তিগত কারণে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করিতে ব্যর্থ হইলে অতিরিক্ত সময়কালের জন্য টিউশন ফি ও পরীক্ষা ফি আনুপাতিক হারে প্রযোজ্য হইবে, যাহা উক্ত শিক্ষার্থীকে বহন করিতে হইবে;

১২.২ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে দেশি-বিদেশি শিক্ষার্থী ভর্তিসহ সকল ক্ষেত্রে এমবিবিএস/ বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করিতে হইবে;

১২.৩ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট এর সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি ফি ও টিউশন ফি দেশি শিক্ষার্থীদের ন্যায় প্রযোজ্য হইবে। নন-সার্কভুক্ত বিদেশি শিক্ষার্থীদের ক্ষেত্রে দেশি শিক্ষার্থীদের প্রদেয় ফি'র অতিরিক্ত প্রতি শিক্ষাবর্ষের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার প্রযোজ্য হইবে। নির্ধারিত সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করিতে ব্যর্থ হইলে কোর্স শেষ না হওয়া পর্যন্ত টিউশন ফি ও পরীক্ষার ফি আনুপাতিক হারে (টিউশন ফি'র অধিক অর্ধবছরের জন্য ২,৫০০ মার্কিন ডলার এবং পূর্ণবছরের জন্য ৫,০০০ মার্কিন ডলার) শিক্ষার্থীকে বহন করিতে হইবে;

১২.৪ বিদেশি শিক্ষার্থীদের ফি-সমূহ ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে।

১৩.০ **বিদেশি প্রার্থীদের আসন সংরক্ষণ:**

১৩.১ সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহে বিদেশি প্রার্থীদের জন্য সরকার কর্তৃক নির্ধারিত 'সার্ক কোটা'য় ১১৭ টি (এমবিবিএস-১০৪ টি ও বিডিএস ১৩টি) আসন এবং 'নন-সার্ক কোটা'য় ৯৯ টি আসনসহ (এমবিবিএস-৭২ টি ও বিডিএস- ২৭ টি) সর্বমোট ২১৬ টি আসন নিম্নরূপভাবে সংরক্ষিত থাকিবে;

| সার্ক কোটা | | | | নন-সার্ক কোটা | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্র | দেশ | এমবিবিএস | বিডিএস | ক্র | দেশ | এমবিবিএস | বিডিএস |
| ১ | ভারত | ২২ | ০২ | ১ | প্যালেস্টাইন | ১৮ | ০৩ |
| ২ | পাকিস্তান | ২১ | ০২ | ২ | মায়ানমার | ০৫ | ০২ |
| ৩ | নেপাল | ১৯ | ০৩ | ৩ | অন্যান্য দেশসমূহ: | ৪৯ | ২২ |
| ৪ | ভুটান | ২০ | ০২ | | ক) যুক্তরাষ্ট্র | | |
| ৫ | শ্রীলঙ্কা | ১৩ | ০২ | | খ) যুক্তরাজ্য | | |
| ৬ | মালদ্বীপ | ০৬ | ০১ | | গ) ইতালি | | |
| ৭ | আফগানিস্তান | ০৩ | ০১ | | ঘ) কানাডা | | |
| | সর্বমোট | ১০৪ | ১৩ | | ঙ) মালয়েশিয়া | | |
| | | | | | চ) অন্যান্য | | |
| | | | | | সর্বমোট | ৭২ | ২৭ |

**মোট বরাদ্দকৃত আসন সংখ্যা** (সার্ক কোটা- ১১৭টি + নন-সার্ক কোটা- ৯৯টি + সংরক্ষিত-০৫টি) = **২১৬টি**

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

১৩.২ সরকার অনুচ্ছেদ ১৩.১ এ বর্ণিত আসন সংখ্যা সময়ে সময়ে পরিবর্তন করিতে পারিবে;

১৩.৩ বিদেশি প্রার্থী ভর্তির জন্য বেসরকারি কলেজ/ইউনিটসমূহে তাহাদের জন্য নির্ধারিত মোট আসনের সর্বোচ্চ ৪৫% আসন সংরক্ষিত থাকিবে। বিদেশি প্রার্থী পাওয়া না যাইলে অনুচ্ছেদ ৯.৩.২ এ বর্ণিত পদ্ধতিতে নির্বাচিত প্রার্থীদের অপেক্ষমাণ তালিকা হইতে দেশি প্রার্থী দ্বারা এই আসনসমূহ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অধিযাচন প্রেরণ করিবে। তবে এই ক্ষেত্রে দেশি প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে যে আর্থিক ব্যবস্থাপনা নির্ধারিত তাহাই প্রযোজ্য হইবে। এক্ষেত্রে কোনো অবস্থায় বিদেশি শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হারে ফি-সমূহ আদায় করা যাইবে না;

১৩.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটসমূহ ভর্তি প্রক্রিয়া শুরুর সময়েই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কতজন বিদেশি শিক্ষার্থী ভর্তি করিবে তাহা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করিতে হইবে।

১৪.০ **<u>ভর্তি পরীক্ষা কার্যক্রম পরিচালনা:</u>**

১৪.১ নীতিমালা অনুযায়ী বিএমএন্ডডিসি'র পক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের উপর ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রক্রিয়াকরণ ও নিরীক্ষণ, পরীক্ষা গ্রহণ, ফলাফল চূড়ান্তকরণ ও প্রকাশ, শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী শিক্ষার্থী বণ্টন ও অনুচ্ছেদ ৬.১ এ বর্ণিত মাইগ্রেশন কার্যক্রমের দায়িত্ব এবং বিএমএন্ডডিসি'র উপর প্রশ্নপত্র প্রণয়ন, প্রিন্টিং ও প্যাকেজিং এর দায়িত্ব ন্যস্ত থাকিবে;

১৪.২ ভর্তির ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করিতে হইবে। কোনো প্রার্থী অনলাইন ফরম পূরণের সময় প্রথম বার ভুল করিলে দ্বিতীয় বার পূরণ করার ক্ষেত্রে প্রথম ফরমটি বাতিল হইবে। তবে কোনো অবস্থাতেই দুই এর অধিকবার আবেদন দাখিলের চেষ্টা করা যাইবে না;

১৪.৩ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য বিএমএন্ডডিসির পরামর্শক্রমে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত ভর্তি কমিটি, উপদেষ্টা কমিটি এবং ওভারসাইট কমিটি গঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। মন্ত্রণালয় উক্ত প্রস্তাবের আলোকে বর্ণিত কমিটি গঠন এবং কমিটির কার্যপরিধি নির্ধারণ করিবে। ভর্তি সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। প্রশ্নপত্র প্রণয়ন ও প্যাকেজিং এর জন্য বিএমএন্ডডিসির সভাপতির নেতৃত্বে বিএমএন্ডডিসি একটি কমিটি গঠন করিবে;

১৪.৪ মেডিকেল কলেজের কোডসমূহ ইংরেজি অদ্যাক্ষরের ভিত্তিতে নির্ধারণ করা হইবে;

১৪.৫ ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি পরীক্ষায় অবতীর্ণ সকল শিক্ষার্থীর তথ্য "খ" শ্রেণির নথি হিসেবে সংরক্ষণ করা হইবে।

১৫.০ **<u>ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন:</u>**

১৫.১ সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট কর্তৃপক্ষ নির্বাচিত শিক্ষার্থীদেরকে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্টুডেন্ট পোর্টালে এন্ট্রির মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করিবে এবং পরবর্তী ১০ দিনের মধ্যে এ সংক্রান্ত তথ্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করিবে। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কেবলমাত্র স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম পরবর্তী ২ মাসের মধ্যে সম্পন্ন করিবে।

১৬.০ **<u>শাস্তিমূলক ব্যবস্থা:</u>**

১৬.১ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি প্রার্থীর ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে তাহার ভর্তি বাতিল করাসহ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে;



Hossain

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd

১৬.২ কোনো শিক্ষা প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত কিংবা নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ার বাইরে দেশি/বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যাইবে না; করিলে কর্তৃপক্ষ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে;

১৬.৩ কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নীতিমালার কোনো শর্ত ভঙ্গ করিলে সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হইবে;

১৬.৪ ভর্তিকৃত দেশি/বিদেশি শিক্ষার্থীদের দেশের প্রচলিত আইন মানিয়া চলিতে হইবে। শৃঙ্খলা পরিপন্থী অভিযোগ প্রমাণিত হইলে তাহারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কাউন্সিল এর সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিবে;

১৬.৫ শিক্ষা মন্ত্রণালয় প্রণীত "শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং প্রতিরোধ সংক্রান্ত নীতিমালা-২০২৩" সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হইবে;

১৬.৬ প্রতিটি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট মহামান্য হাইকোর্ট কর্তৃক যৌন হয়রানি প্রতিরোধকল্পে নির্দেশনা "হাইকোর্ট ডিরেক্টিভস-২০০৯" পালনে বাধ্য থাকিবে।

১৭.০ **রহিতকরণ ও হেফাজত:**
এই নীতিমালা জারির তারিখ হইতে "মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪" অতঃপর "উক্ত নীতিমালা" বলিয়া উল্লিখিত, বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত নীতিমালার অধীন কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে, উহা উক্ত নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

21.11.24.

**ডাঃ মোঃ লিয়াকত হোসেন**
**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল**